

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সরকারী কর্মচারী হাসপাতাল  
প্রশাসন শাখা  
ফুলবাড়ীয়া, ঢাকা  
www.skh.gov.bd

নম্বর: ০৫.৮৭.০০০০.০০০.১৮.০০৩.২৪.১২৪

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
১০ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নোটিশ

বিষয়: সরকারি কর্মচারী হাসপাতালে চিকিৎসা সেবা গ্রহণের জন্য কর্মচারীদের তথ্য প্রেরণ।

সরকারি কর্মচারী হাসপাতালে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে চিকিৎসা সেবা গ্রহণে আগ্রহী সরকারি কর্মচারীগণকে (পরিবারের সদস্যদের অন্তর্ভুক্ত করে) 'হাসপাতাল কার্ড' প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারি কর্মচারীগণের স্ব-স্ব দপ্তর হতে নির্ধারিত ছকে প্রত্যয়নকৃত তথ্যের মাধ্যমে পরিচিতি নিশ্চিত হয়ে পূর্ব নিবন্ধিত অথবা নতুনভাবে নিবন্ধন সম্পন্ন করে 'হাসপাতাল কার্ড' প্রদান করা হবে। নমুনা ছক অনুযায়ী স্ব-স্ব কর্তৃপক্ষ হতে আগ্রহী সরকারি কর্মচারীকে প্রত্যয়নপত্র জমা দিয়ে আগামী ৩১ ডিসেম্বরের মধ্যে 'হাসপাতাল কার্ড' গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রথমে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত নমুনা ছকে সরকারি কর্মচারী হিসেবে প্রমাণকস্বরূপ প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। অতপর পরিবারের সদস্যদের অন্তর্ভুক্ত করাতে ইচ্ছুক হলে প্রযোজ্য প্রমাণকসহ নির্ধারিত ছক মোতাবেক তথ্য দাখিল করতে হবে;

(খ) তালিকাভুক্ত সকলের জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদের কপি জমা দিতে হবে;

(গ) নির্ধারিত স্থানে ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত রঞ্জন ছবি সংযুক্ত করতে হবে;

(ঘ) সরকারি কর্মচারীর নিবন্ধন সম্পন্ন পর পরিবারের সদস্যদের নিবন্ধন সম্পন্ন করা হবে;

আগামী ১ জানুয়ারি ২০২৫ তারিখ হতে হাসপাতাল প্রদত্ত কার্ড অথবা স্ব-স্ব প্রতিষ্ঠান প্রদত্ত প্রত্যয়নপত্র ব্যতিত কোন সরকারি কর্মচারীকে চিকিৎসা পরামর্শ ব্যতীত সরকারি কর্মচারীর ন্যায় অন্যান্য সেবা বিনামূল্যে প্রদান করা হবে না;

৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের পর 'সরকারি' হিসেবে নিবন্ধিত আইডিসমূহ 'বেসরকারি' হিসেবে রূপান্তর করা হবে। স্ব-স্ব কর্তৃপক্ষ প্রদত্ত প্রত্যয়নপত্র যাচাই সাপেক্ষে তা আবার 'সরকারি' হিসেবে নিবন্ধন করে 'হাসপাতাল কার্ড' প্রদান করা হবে।

সকল সংযুক্তিসমূহ:

(১) নমুনা ছক-১ পাতা।

(২) নমুনা ছক-১ পাতা।

সংযুক্তি: ২ প্রস্থ সংযুক্ত।

১০-১২-২০২৪

মো: আঃ রাজ্জাক সরকার  
মহাপরিচালক

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব (সকল).....মন্ত্রণালয়/বিভাগ।

২। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (নোটিশটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। নোটিশ বোর্ড, সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকা।

